যুগান্তর

তারিখ 16 MAR 2003
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫

# শিক্ষার মান ও অবকাঠামো উন্নয়নে বিত্তবানদের এগিয়ে আসতে হবে

—তথ্যমন্ত্রী

নওয়াপাড়া (যশোর) প্রতিনিধি

তথ্যমন্ত্রী তরিকুল ইসলাম বলেছেন, দেশের অধিকাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করে। তাদেরকে সঙ্গে নিয়েই শিক্ষার মানোন্নয়ন করতে হবে। তিনি বলেন, সরকারের একার পক্ষে সীমিত সম্পদ দিয়ে শিক্ষার মানোন্নয়ন সম্ভব নয়।

পৃষ্ঠা : ১৫ কলাম : ১

## উন্নয়নে : শিক্ষার মান

(শেষ পৃষ্ঠার পর)

তাই, শিক্ষার মান ও অবকাঠামোগত উন্নয়নে সরকারের পাশাপাশি বিত্তবানদের এগিয়ে আসতে হবে। মন্ত্রী শুক্রবার বিকালে নওয়াপাড়া মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠে বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

নওয়াপাড়া মডেল মাধ্যমিক বিদ্যালয় ২০০৩ সালে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের গৌরব অর্জন করায় বিদ্যালয়ের পরিচালনা পরিষদ এ অনুষ্ঠানের আয়োজন করে। পরিচালনা পরিষদের সভাপতি শাহজালাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, এমএম আমিন উদ্দিন এমপি, যশোর জেলা বিএনপির সভাপতি চৌধুরী শহীদুল ইসলাম নয়ন, প্রকৌশলী টিএস আইয়ুব, নূরুল হক মোল্লা ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিউর রহমান।